# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

# VIDYASAGAR UNIVERSITY

## Question Paper

## B.A. Honours Examinations 2022

**(Under CBCS Pattern)**

## Semester - VI

## Subject : BENGALI

**Paper : DSE 4-T**

**Full Marks : 60**

**Time : 3 Hours**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

Vidyasagar University

## রবীন্দ্রসাহিত্য পাঠ

### বিভাগ-ক

১. যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) 'মুক্তধারা' নাটকটি কত খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়? 'মুক্তধারা' কী ধরনের নাটক?

(খ) 'সে' কত সালে, কোন মাসে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(গ) 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতাটি কোন মূলকাব্যের অন্তর্গত? কাব্যটি রবীন্দ্র কাব্যধারায় কোন পর্বের কাব্য?

(ঘ) 'মুক্তধারা' নাটকটিতে উত্তরকূটের রাজার নাম কী? রাজার বিরুদ্ধে কোন অঞ্চলের প্রজারা বিদ্রোহী হয়ে উঠেছিল?

(ঙ) 'সাধারণ মেয়ে' কবিতাটি কোন্ কাব্যের কততম কবিতা? কবিতাটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(চ) 'একখানি ছোটো খেত, আমি একেলা,'—উদ্ধৃতাংশটি কোন কবিতার অংশ? এখানে 'একখানি ছোটো খেত' বলতে কবি কী বুঝিয়েছেন?

(ছ) 'হায় রে রাজধানী পাষাণকায়া!'—উদ্ধৃতাংশটি কোন কবিতার অংশ? উদ্ধৃতাংশটির মধ্য দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন?

(জ) 'সে' গল্পটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেছিলেন? উৎসর্গপত্রটি রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় লিখেছিলেন?

**বিভাগ-খ**

২. যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'আমি ঢালিব করুণাধারা

আমি ভাঙিব পাষাণ কারা'—উদ্ধৃতাংশটি কোন কবিতার অংশ? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) 'সোনারতরী' কবিতায় যে প্রকৃতির চিত্র ধরা পড়ে তা সংক্ষেপে বিবৃত করো।

(গ) 'রাজা হলেই সিংহাসনে বসে, রাজাসনে বসলেই রাজা হয় না'—উক্তিটি কার? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) 'সে' গল্পে হাস্যরস সৃষ্টিতে রবীন্দ্রনাথ ঠাকুরের সার্থকতা বিচার করো।

(ঙ) 'মুক্তধারা' নাটকে ভৈরবপন্থীর দলের ভূমিকা আলোচনা করো।

(চ) 'বধু' কবিতার ভাববস্তু সংক্ষেপে আলোচনা কর।

**বিভাগ-গ**

৩. যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

(ক) রূপক সাঙ্কেতিক নাটক হিসেবে 'মুক্তধারা'-র সার্থকতা বিচার করো।

(খ) রবীন্দ্র গল্পধারায় 'সে' গ্রন্থের গল্পগুলির স্বাতন্ত্র্য বিচার করো।

(গ) 'বধু' কবিতায় গ্রাম ও শহরজীবনের যে দ্বন্দ্ব বর্ণিত হয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো।

(ঘ) 'মুক্তধারা' নাটকে ধনঞ্জয় বৈরাগীর চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঙ) 'স্বর্গ হইতে বিদায়' কবিতার মূলভাব নিজের ভাষায় ব্যক্ত করো।

Vidyasagar University

**Or,**

**Paper - DSE 4-T**

## উপন্যাস সাহিত্য পাঠ

Full Marks : 60 Time : 3 Hours

**বিভাগ-ক**

১. যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) হারু ঘোষ কার জন্য, কোন গ্রামে পাত্র দেখতে গিয়েছিল? হারু ঘোষ কীভাবে মারা যায়?

(খ) শশীর বাবার নাম কী? শশীর বাবা কিসের কারবার করতো?

(গ) বিদ্যুন্মালা কোথাকার রাজকন্যা ছিল? সে কোন্ সময়ে বিজয়নগরের উদ্দেশ্যে যাত্রা করেছিল?

(ঘ) 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসটির প্রকাশকাল কত? উপন্যাসটি কী জাতীয় উপন্যাস?

(ঙ) 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসটির কাহিনী লেখক কোথা থেকে সংগ্রহ করেছিলেন? উপন্যাসটি কাকে উৎসর্গ করেছিলেন?

(চ) 'পাটরাঙা' কাদের বলা হয়?

(ছ) 'টানাপোড়েন' উপন্যাসে লেখক কোন অঞ্চলের মানুষের জীবনযাপনের ছবি তুলে ধরেছেন? তাদের জীবিকা কী?

(জ) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের দুটি নারী চরিত্র এবং দুটি পুরুষ চরিত্রের নাম লেখ।

**বিভাগ-খ**

২. যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'গ্রাম্য জীবনে আবার শশীর বিতৃষ্ণা আসিয়াছে।'—এই বিতৃষ্ণার কারণ কী?

(খ) 'শাড়ির নাম বালুচর' কোন উপন্যাসের অংশ? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) তুঙ্গভদ্রার তীরে উপন্যাসে বিজয়নগর রাজ্যের রাজপুরীর যে বর্ণনা দেওয়া হয়েছে, তা সংক্ষেপে বিবৃত করো।

(ঘ) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাস অবলম্বনে বিন্দুবাসিনীর চরিত্র আলোচনা করো।

Vidyasagar University

(ঙ) 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসে অর্জুনবর্মার চরিত্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(চ) 'টানাপোড়েন' উপন্যাসের ভাষাশৈলী সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

**বিভাগ-গ**

৩. যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

(ক) আঞ্চলিক উপন্যাস হিসেবে 'টানাপোড়েন' কতখানি সার্থকতা লাভ করেছে, তা যুক্তিসহ আলোচনা করো।

(খ) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে গাওদিয়ার গ্রামজীবন যেভাবে ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

(গ) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাস অবলম্বনে শশী চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঘ) 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসে নায়িকা চরিত্র সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।

(ঙ) মনস্তাত্ত্বিক উপন্যাস হিসেবে 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসটি কতখানি সার্থক তা বিচার করো।

---

Vidyasagar University

**Or,**

**Paper - DSE 4-T**

# প্রকৃতিচেতনামূলক, জাতীয়তামূলক ও বিশ্বমানবতামূলক সাহিত্যপাঠ

**বিভাগ-ক**

১. যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) ‘নবজাতক’ কাব্যটি গ্রন্থাগারে কত খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়? ‘নবজাতক’ কাব্যে মোট কতগুলি কবিতা রয়েছে?

(খ) ‘পলাশীর যুদ্ধ’ কাব্যটি কার লেখা? তাঁকে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কী অভিধায় অভিহিত করেছেন?

(গ) ‘আরণ্যক’ উপন্যাসটি গ্রন্থাকারে প্রকাশের পূর্বে কোন্ পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়েছিল? উপন্যাসটিতে মোট কতগুলি পরিচ্ছেদ রয়েছে?

(ঘ) ‘নবজাতক’ কাব্যের প্রথম এবং শেষ কবিতার নাম লেখ।

(ঙ) ‘পলাশীর যুদ্ধ’ কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছেন? কাব্যটি কয়টি সর্গে বিন্যস্ত?

(চ) ‘বিংশ শতকে এ ধরনের লোক আছে, না দেখিলে বিশ্বাস করা যায় না।’—কার সম্বন্ধে এই মন্তব্য করা হয়েছে? লোকটির মৃত্যু কীভাবে হয়েছিল?

(ছ) ‘তোমার বিরহ ছড়ায়ে চলেছে
সৌরভ নিশ্বাসে’—উদ্ধৃতাংশটি কোন কবিতা থেকে নেওয়া হয়েছে? ‘তোমার’ বলতে এখানে কবি কার কথা বলতে চেয়েছেন?

(জ) ‘আরণ্যক’ উপন্যাসের দুটি পুরুষ ও দুটি নারী চরিত্রের নাম লেখো।

**বিভাগ-খ**

২. যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ‘বিদীর্ণ হল ধনভাণ্ডার তল,
জাগিয়া উঠিছে গুপ্ত গুহার
কালী নাগিনির দল।’—উদ্ধৃতাংশটি কোন কবিতার অংশ? ‘কালীনাগিনি’ কী অর্থে ব্যবহার করা হয়েছে? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) ‘পলাশীর যুদ্ধ’ কাব্যের প্রতিটি সর্গের মূল বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

Vidyasagar University

(গ) “হায় দেব টাঁড়বারো, এ তো ছোটনাগপুর কি মধ্যপ্রদেশের অরণ্যভূমি নয়, এখানে তোমার দয়ালু হস্ত এই নির্যাতিত পশুকে কী করিয়া রক্ষা করিবে?”—উদ্ধৃতাংশটি কোন মূল গ্রন্থের অংশ? উদ্ধৃতাংশটির বক্তা কে? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) ‘নবজাতক’ কবিতার মূল ভাবটি সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

(ঙ) ‘আরণ্যক’ উপন্যাস অবলম্বনে কুন্তা চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

(চ) ‘আরণ্যক’ উপন্যাস অবলম্বনে আরণ্যক মানুষের মধ্যে প্রচলিত প্রথা-সংস্কার-বিশ্বাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

**বিভাগ-গ**

৩. যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

(ক) ‘নবজাতক’ কাব্যের ‘রাতের গাড়ি’ কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের মৃত্যু-চেতনার স্বরূপ ব্যাখ্যা করো।

(খ) ‘আরণ্যক’ উপন্যাসের বিষয় বিশ্লেষণ করে উপন্যাসটির নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) ‘নবজাতক’ কাব্যের সূচনা অংশে রবীন্দ্রনাথ বলেছেন—“আমার কাব্যের ঋতু পরিবর্তন ঘটেছে বারে বারে।”—নবজাতকের কয়েকটি কবিতা অবলম্বনে এই ঋতু পরিবর্তনের পরিচয় বিবৃত করো।

(ঘ) ‘পলাশীর যুদ্ধ’ কাব্য অবলম্বনে কবির কাব্য-কৃতির মূল্যায়ন করো।

(ঙ) ‘আরণ্যক’ উপন্যাসে সত্যচরণের মধ্যে লেখকের আত্মপ্রক্ষেপ ঘটেছে কিনা বিচার করো।

Vidyasagar University

**Or,**

**Paper - DSE 4-T**

# বাংলা সাহিত্য এবং চিত্র, চলচ্চিত্র ও ক্রীড়া

**বিভাগ-ক**

১. যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) বাংলায় চলচ্চিত্র প্রদর্শনের প্রাতিষ্ঠানিক রূপ কত খ্রীষ্টাব্দে কার হাত ধরে মুক্তি পেয়েছিল?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের চারটি উপন্যাসের নাম লেখো, যেগুলি চলচ্চিত্রায়িত হয়েছে।

(গ) 'ঠাকুরমার ঝুলি' কার লেখা? এই গ্রন্থের চিত্রগুলি কে অঙ্কন করেন?

(ঘ) কার লেখা, কোন কাহিনী অবলম্বনে 'অঙ্কুশ' চলচ্চিত্রটি তৈরি হয়েছিল?

(ঙ) বঙ্গীয় চিত্রকলার প্রাচীনতম নিদর্শন কোথায় পাওয়া যায়?

(চ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের দুটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো, যেগুলো নিয়ে চলচ্চিত্র নির্মিত হয়েছে।

(ছ) বাংলা ভাষায় ক্রীড়াসাহিত্যের রূপকার কে? তাঁর লেখা ক্রীড়া বিষয়ক দুটি গ্রন্থের নাম লেখ?

(জ) 'সহজ চিত্র শিক্ষা' গ্রন্থটি কার লেখা? গ্রন্থটির মধ্যে অঙ্কিত চিত্রগুলি কে অঙ্কন করেছেন?

**বিভাগ-খ**

২. যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সাহিত্যের ভাষা ও চলচ্চিত্রের ভাষার মধ্যে তুলনামূলক সংক্ষিপ্ত আলোচনা করো।

(খ) বাংলা সাহিত্যে চিত্রধর্মী রীতির বৈশিষ্ট্যগুলো সংক্ষেপে উল্লেখ করো।

(গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যের চলচ্চিত্রায়ন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) বাংলা সাহিত্যে চিত্রকলা বিষয়ে রবীন্দ্রনাথের মূল্যায়নের অভিনবত্ব বিচার করো।

(ঙ) তোমার অঞ্চলে প্রচলিত লোকক্রীড়া সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

Vidyasagar University

(চ) বাংলা ক্রীড়া সাহিত্যে মতি নন্দীর অবদান আলোচনা করো।

**বিভাগ-গ**

৩. যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

(ক) সত্যজিৎ রায় বাংলা সাহিত্য ও চলচ্চিত্রের যে অতুলনীয় মেলবন্ধন ঘটিয়েছেন তা বিশ্লেষণ করে দেখাও।

(খ) বাংলা চলচ্চিত্রে বাংলা সাহিত্যের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

(গ) 'পট' শব্দের অর্থ কী? বাংলা চিত্রকলার ইতিহাসে পটের গুরুত্ব বিচার করো।

(ঘ) 'আসলে তাঁর চিত্রশিল্প ও সাহিত্য শিল্প এই দুইয়ে মিলে এক অখণ্ড শিল্প ব্যক্তিত্ব রচনা করেছে।' —অবনীন্দ্রনাথ ঠাকুর সম্পর্কে এই মন্তব্যের যথার্থতা বিচার করো।

(ঙ) আশাপূর্ণা দেবীর উপন্যাসের চলচ্চিত্রায়ণ সম্পর্কে নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো।

Vidyasagar University